গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৯
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০৩.২৫-১৫৬

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪৩২
২৯ জুন, ২০২৫

**বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়াকে অধিকতর স্বচ্ছ ও সুনির্দিষ্টকরণের জন্য সঞ্চয়পত্র এবং টিআইএন ডাটাবেজের সাথে আন্ত:সংযোগ স্থাপনের লক্ষ্যে Single Registry MIS-এর সাথে API স্থাপন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী নির্বাচন প্রক্রিয়াকে অধিকতর স্বচ্ছ ও লক্ষ্যভিত্তিক করার লক্ষ্যে আবেদনকারীর অর্থনৈতিক অবস্থা যাচাইয়ের উদ্দেশ্যে সম্প্রতি Application Programming Interface (API) এর মাধ্যমে অর্থ বিভাগ কর্তৃক পরিচালিত Single Registry MIS-এর সাথে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সঞ্চয়পত্র ডাটাবেজ এবং জাতীয় রাজস্ব বোর্ডের টিআইএন ডাটাবেজের আন্ত:সংযোগ (interoperability) স্থাপিত হয়েছে। উক্ত আন্ত:সংযোগ (interoperability) সুবিধা API এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্যান্য MIS-এ ব্যবহারের সুযোগ রয়েছে। এক্ষেত্রে অর্থ বিভাগের Single Registry MIS-এর সাথে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্যান্য MIS-এর API স্থাপন করা প্রয়োজন হবে। উল্লেখ্য যে, Single Registry MIS-এর সাথে API স্থাপনের বিষয়ে অর্থ বিভাগের 'স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS) প্রোগ্রাম' প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করবে।

০২। এমতাবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে আবেদনকারীর অর্থনৈতিক অবস্থা যাচাইয়ের উদ্দেশ্যে সঞ্চয়পত্র ডাটাবেজ এবং টিআইএন ডাটাবেজের সাথে আন্ত:সংযোগ (interoperability) প্রাপ্তির লক্ষ্যে অর্থ বিভাগের Single Registry MIS-এর সাথে API স্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯/০৬/২৫

**(মোঃ রাজিবুল আহসান)**
উপসচিব
☎ ২২৩৩ ৮৮ ৫৮৮
E-mail: rajibahsan@finance.gov.bd

বিতরণ **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, ......................................................মন্ত্রণালয়/বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
৭. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, আইইবি ভবন, রমনা, ঢাকা
৮. অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ